

দুই বছরের মধ্যে কোম্পানির অধীনে বাস চলবে ॥ সাঈদ খোকন

প্রকাশিত : ২২ :৪০, ১০ সেপ্টেম্বর ২০১৮

দুই বছরের মধ্যে কোম্পানির অধীনে বাস চলবে ॥ সাঈদ খোকন

অনলাইন রিপোর্টার ॥ দুই বছরের মধ্যে কোম্পানির অধীনে বাস পরিচালনার অঙ্গীকার করে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের (ডিএসসিসি) মেয়র মোহাম্মদ সাঈদ খোকন বলেছেন, “কমিটি খুব দ্রুত কাজ শুরু করবে। আমি মনে করি, একাজ দুই বছরের মধ্যে শেষ হওয়া উচিত। আমরা সেভাবেই কাজ করব।” সোমবার ঢাকা দক্ষিণের নগর ভবনে আয়োজিত এক সভায় তিনি এ অঙ্গীকার করেন। মেয়র বলেন, “প্রয়াত মেয়র আনিসুল হক সাহেবের সময় এনিয়ে একটি ড্রাফট করাই আছে। এটি আমরা দেখব। কোনোকিছু সংযোজন, পরিমার্জন ও সংশোধন করতে হলে করব।” ঢাকা মহানগরে গণপরিবহনে শৃঙ্খলা আনা এবং যানজট নিরসনে বাস রুট রেশনালাইজেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের কার্যক্রম সমন্বয় করতে রবিবারই সাঈদ খোকনকে আহ্বায়ক করে ১০ সদস্যের একটি কমিটি গঠন করেছে সরকার। সাঈদ খোকন বলেন, “এ মাসের শেষ দিকে আমরা কমিটির প্রথম বৈঠক করব। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আমরা কাজ করব। দ্রুততম সময়ের মধ্যে রুট রেশনালাইজেশন এবং কোম্পানি গঠন কাজ শেষ করা হবে। পুরনো বাস তুলে দিয়ে নতুন বাস নামাব। আমাদের লক্ষ্য যানজটমুক্ত শহর উপহার দেওয়া।” ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক খন্দকার রাকিবুর রহমান, ডিএসসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা খান মোহাম্মদ বিলাল, সচিব শাহাবুদ্দিন খান, প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা এয়ার কমোডর মো. জাহিদ হোসেন ও প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ব্রিগেডিয়ার জেনারেল শেখ সালাহুউদ্দিন সভায় উপস্থিত ছিলেন। রাজধানীতে কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতির প্রবর্তন এবং এসব কার্যক্রম সমন্বয়ের জন্য এই কমিটি করতে রবিবার এক আদেশ জারি করেছে স্থানীয় সরকার বিভাগ। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্যানেল মেয়রকে কমিটিকে যুগ্ম-আহ্বায়ক করা হয়েছে। কমিটিতে সদস্য সচিবের দায়িত্ব পালন করবেন ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক। বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) চেয়ারম্যান, বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট করপোরেশনের চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার, গণপরিবহন বিশেষজ্ঞ এস এম সালেহ উদ্দিন, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতির মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের সভাপতিকে কমিটিতে সদস্য হিসেবে রাখা হয়েছে। কমিটির কার্যপরিধি * ঢাকা মহানগরীর যানজট নিরসনে বাস রুট রেশনালাইজেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের বিষয়ে ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রয়াত মেয়র আনিসুল কর্তৃক গৃহীত পদক্ষেপগুলো বিবেচনায় নিয়ে এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন ও সমন্বয় করা। * সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে

আলোচনার মাধ্যমে বাস রুট র্যাশনলাইজেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তন করা। * বাস রুট র্যাশনলাইজেশন ও কোম্পানির মাধ্যমে বাস পরিচালনা পদ্ধতি প্রবর্তনের রোডম্যাপসহ সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন করা। * এই বিষয়ের সঙ্গে সম্পৃক্ত অন্যান্য কার্যক্রম সম্পাদন করা। * কমিটির কার্যক্রমের অগ্রগতি প্রধানমন্ত্রীর কার্যালয়, স্থানীয় সরকার বিভাগ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে নিয়মিতভাবে অবহিত করা। * কমিটির উপর অর্পিত দায়িত্ব বাস্তবায়ন, তদারকি ও সমন্বয়ের ক্ষেত্রে যে কাউকে কমিটিতে অন্তর্ভুক্ত করতে পারবে।